

3 (Sem-1) BEN M 1 (O)

2 0 1 9

BENGALI

( Major )

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুসারে উত্তর দাও : ১×১০=১০

(ক) কবি মুকুন্দ চক্রবর্তীর পৈত্রিক নিবাস কোথায় ছিল ?

(খ) কালকেতু ও ফুল্লরার বিয়ের ঘটক কে ছিলেন ?

(গ) “দেবকারু বিশ্বকর্মা তার পুত্র \_\_\_\_\_  
শিরে ধরে চণ্ডিকার পান।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঘ) “পুনর্বীর হাটে মাংস বেচিবে ফুল্লরা।” উক্তিটি কার ?

১. মহাদেব

২. চণ্ডী

৩. কলিঙ্গরাজ

৪. ভাঁড়দত্ত

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(ঙ) ফুল্লরার পিতার নাম কী ?

( 2 )

(চ) “মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে।”

‘দরে’ শব্দের অর্থ কী?

(ছ) “একের কপালে রহে আরের কপাল দহে  
আগুনের কপালে আগুন।”

এই পংক্তিটি ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ অংশের অন্তর্ভুক্ত?

১. ‘শিবের ভিক্ষাযাত্রা’
২. ‘শিবের ধ্যানভঙ্গে কামভঙ্গ্য’
৩. ‘রতিবিলাপ’
৪. ‘হরগৌরীর রূপ’

( শুদ্ধ উত্তরটি বেছে লেখো )

(জ) “বাণ্যা বড় দুঃশীল নামেতে \_\_\_\_\_ শীল।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঝ) “কৃষ্ণচন্দ্রের দুই পক্ষ সदा জ্যোৎস্নাময়।” এখানে ‘পক্ষ’  
শব্দের অর্থ কী?

(ঞ) বসুন্ধরার দাসীর নাম কী?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :  $২ \times ৫ = ১০$

(ক) স্বর্গের কোন্ কোন্ অধিবাসী মর্ত্যে কালকেতু এবং ফুল্লরা  
রূপে জন্মগ্রহণ করেছিলেন?

(খ) “নেউগী চৌধুরী নই না করি তালুক।” বক্তা কে?  
‘চণ্ডীমঙ্গল’-এর কোন্ অংশে এই উক্তিটি আছে?

(গ) কালকেতু কোথায় নতুন রাজ্য স্থাপন করেছিল এবং কোন্  
রাজার সঙ্গে তার যুদ্ধ হয়েছিল?

(ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে দেবী অন্নদা কার গৃহ ত্যাগ করে কার  
গৃহভিমুখে যাত্রা করেছিলেন?

( 3 )

(ঙ) “শান্তনুরে করি সারা হয়েছ শিবের দারা  
তোমর সম পুণ্যবতী কেটা।”

বক্তা কে? এখানে ‘শিবের দারা’ বলতে কাকে বোঝানো  
হয়েছে?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

(ক) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত ‘কালকেতুর ধনপ্রাপ্তি’  
অংশের ঘটনাক্রমের বিবরণ দাও।

(খ) ‘কালকেতুর বিবাহ’ অংশ অবলম্বনে কালকেতু ও ফুল্লরার  
বিবাহ অনুষ্ঠানের ঘটনাবলী বিবৃত করো।

(গ) ব্যাখ্যা করো :

“সতিনী কোন্দল করে দ্বিগুণ বলিবে তারে  
অভিমানে ঘর ছাড় কেনি।  
কোপে কৈলে বিষপান আপনি তেজিবে প্রাণ  
সতিনের কিবা হবে জানি॥”

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

(ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যের অন্তর্গত ‘বসুন্ধরার জন্ম’ অংশের  
ঘটনাবলীর নির্ভরযোগ্য বিবরণ দাও।

(খ) কাশীতে ভিক্ষা বারণ হওয়ার পর ব্যাসদেবের যে দুর্দশা  
হয়েছিল তা বর্ণনা করো।

(গ) ব্যাখ্যা করো :

“শিবের কপালে রয়ে প্রভুরে আছতি লয়ে  
না জানি বাড়িল কিবা গুণ।  
একের কপালে রহে আরের কপাল দহে  
আগুনের কপালে আগুন॥”

৫। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : ১০×২=২০

- (ক) 'চণ্ডীমঙ্গল' কাব্যে দেবীর কাছে পশুদের বিলাপের মধ্যে মানব-জীবনের যে ছায়াপাত লক্ষ্য করা যায় সে সম্বন্ধে আলোচনা করো।
- (খ) "মুকুন্দ চক্রবর্তীর কাব্যে সাহিত্য সমালোচকেরা উপন্যাসের লক্ষণ খুঁজে পেয়েছেন।" বিশদভাবে আলোচনা করে এ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।
- (গ) 'চণ্ডীমঙ্গল' কাব্যে অবলম্বনে কালকেতু-ফুল্লরার সাংসারিক জীবনের ছবিটি ফুটিয়ে তোলো।
- (ঘ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করো।

৬। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে-কোন দুটি) : ১০×২=২০

- (ক) 'অন্নদামঙ্গল' কাব্যের মহাদেব চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো।
- (খ) যুগসন্ধির কবি হিসেবে ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের এক পর্যালোচনা প্রস্তুত করো।
- (গ) 'অন্নদামঙ্গল' কাব্যে সমাজজীবনের যে ছবি ফুটে উঠেছে, উদাহরণ সহযোগে তার বর্ণনা দাও।
- (ঘ) তোমার পাঠ্য অংশে অবলম্বনে 'অন্নদামঙ্গল' কাব্যের শিব-সতী-দক্ষরাজ-প্রসূতি কাহিনিবৃত্তটির বিবরণ দাও।

★ ★ ★